



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ Bangladesh Land Port Authority

স্থলবন্দর ভবন, এফ-১৯/এ, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bsbk.gov.bd



স্মারক নং-১৮.১৫.০০০০.০২০.১১.০০১.২৩. ৪২৭

তারিখ: ০৯ আশ্বিন, ১৪৩০
২৪ সেপ্টেম্বর, ২০২৩

নিয়োগ আদেশ

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ এবং ৭৭তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব ফাহিমদা এশা, পিতা: মোঃ আব্দুল মালেক, মাতা: হাসনা বেগম, গ্রাম: শিরোইল, থানা: বোয়ালিয়া, পোষ্ট: ঘোড়ামারা, জেলা: রাজশাহী-কে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের মেডিকেল অফিসার পদে ২২০০০-৫৩০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) স্কেলে নিয়োক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

শর্তাবলী :

- (ক) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা- ২০০৪ এর ৭(১)(ক) প্রবিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য তার চাকুরীকাল শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে;
- (খ) শিক্ষানবিসকাল (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) সম্পন্ন হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট শিক্ষানবিসকালের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত হলে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৪ এর ৭(৩) প্রবিধি মোতাবেক তাকে চাকুরীতে স্থায়ী করা হবে;
- (গ) শিক্ষানবিসকালে অদক্ষতা, অসদাচরণ বা কর্তৃপক্ষের কিংবা রাষ্ট্রের স্বার্থ বিরোধী/ভাবমূর্তি ক্ষুণ্ণ হতে পারে এমন কোন কর্মকাণ্ডের সাথে জড়িত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাকে চাকুরীচ্যুত করতে পারবে;
- (ঘ) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৪ এবং সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা চাকুরী নিয়ন্ত্রিত হবে;
- (ঙ) কর্তৃপক্ষের অধীন যে কোন দপ্তর বা স্থলবন্দরে কাজ করতে তিনি বাধ্য থাকবেন;
- (চ) চাকুরিতে যোগদানকালে ডোপ টেস্টসহ শারীরিক যোগ্যতা/উপযুক্ততার বিষয়ে নিকটস্থ সরকারী মেডিকেল কলেজ কর্তৃক (অধ্যাপকের নিচে নয়) স্বাস্থ্য সনদ, ১ম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৪ (চার) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ও আবেদনকালে প্রদত্ত সকল সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে;
- (ছ) বর্তমানে চাকুরিরত ব্যক্তিকে স্ব-স্ব প্রতিষ্ঠান হতে অব্যাহতি পত্রসহ যোগদান করতে হবে;
- (জ) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৪ এর প্রবিধি ১৫ অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- (ঝ) আবেদনপত্রে সন্নিবেশিত তথ্যাদিতে ভবিষ্যতে কোন প্রতারণা/জালিয়াতির আশ্রয় নেয়া হয়েছে বা ভুল/অসত্য তথ্য দেয়া হয়েছে মর্মে প্রমাণিত হলে, এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে ও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে;
- (ঞ) বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করলে অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ট) উপরোক্ত শর্তাদি তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০১-১০-২০২৩ তারিখ সকাল ০৯:০০ টায় নিয়োগ আদেশে বর্ণিত কাগজপত্রাদিসহ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- (ঠ) চাকুরিতে যোগদানের পর পুলিশী প্রতিবেদন/প্রত্যয়ন গ্রহণ করা হবে। পুলিশী প্রতিবেদন সন্তোষজনক না হলে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
চেয়ারম্যান

ফোন: ০২-৪১০২৫৩০০

E-mail: chairman@bsbk.gov.bd

প্রাপক:

জনাব ফাহিমদা এশা
পিতা: মোঃ আব্দুল মালেক
গ্রাম: শিরোইল
থানা: বোয়ালিয়া
পোষ্ট: ঘোড়ামারা
জেলা: রাজশাহী।